

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৬৮০০.০০০.১৪.০১২.১৫(১).

২৭২৬

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৩
২২ জুলাই ২০১৬


বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে নরসিংদী জেলা পরিষদের রাজস্ব তহবিলের (চিকিৎসা, ধর্মীয়, ও অন্যান্য সামাজিক কল্যাণ মূলক) অনুদান খাতের আওতায় অর্থ ব্যয়ের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ নরসিংদী জেলা পরিষদের স্মারক নং-জেপ-নর/সা-২৪৭, তারিখঃ ১৬/৫/২০১৬।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের সমাজ কল্যাণ খাতের ব্যক্তি অনুদান খাতে অতিরিক্ত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক ব্যয়ের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) প্রস্তাবিত অনুদান উপজেলা ওয়ারী প্রদান করতে হবে;
- ২) ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে বছরে একবারের বেশী অনুদান দেয়া যাবে না;
- ৩) অনুদান বাবদ বরাদ্দকৃত অর্থ আবেদনকারীর অনুকূলে চেকে প্রদান করতে হবে; কোন ভাবে ক্যাশে দেয়া যাবে না।
- ৪) অনুদান শেষে অনুদান প্রাপ্তদের নামের তালিকা উপজেলা ওয়ারী (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) একটি সুস্পষ্ট প্রতিবেদন আবশ্যিকভাবে এ বিভাগে প্রেরণ করতে হবে।


২৭/৭/১৬
(জুবাইদা নসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নরসিংদী।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, নরসিংদী।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।